যুগান্তর

তারিখ 22 AUG 2016 পৃষ্ঠা 6 কলাম 8

# আরও ৬৪ কলেজ জাতীয়করণ

যুগান্তর রিপোর্ট

আরও ৬৪ বেসরকারি কলেজ জাতীয়করণের সিদ্ধান্ত হয়েছে। এ সংক্রান্ত সার-সংক্ষেপে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নীতিগত অনুমোদন দিয়েছেন। প্রধানমন্ত্রীর অনুমোদন পাওয়া এসব কলেজের তালিকা রোববার শিক্ষা মন্ত্রণালয়ে পৌঁছেছে। দু-একদিনের মধ্যে এ সংক্রান্ত আদেশ জারি হবে।

কলেজ জাতীয়করণের বিষয়টি নিশ্চিত করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি যুগান্তরকে বলেন, 'মাননীয় প্রধানমন্ত্রী প্রত্যেক উপজেলায় একটি করে কলেজ ও হাইস্কুল সরকারি করার ব্যাপারে মনস্থির করেছেন। সে অনুযায়ী এর আগে এক দফায় ১৯৯টি কলেজ সরকারি করা হয়েছে। এবার আরও ৬৪টির ব্যাপারে তিনি নীতিগত অনুমোদন দিয়েছেন।'

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, এখন কলেজগুলো সরকারের পক্ষে পরিদর্শন হবে। এর আগে এসব কলেজের নিয়োগ প্রক্রিয়া, স্থাবর-অস্থাবর সব সম্পত্তি বিক্রি ও হস্তান্তরের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হবে।

জানা গেছে, স্কুল ও কলেজ জাতীয়করণের ক্ষেত্রে সরকারি কলেজবিহীন উপজেলাকে বেছে নেয়া হয়েছে। অর্থাৎ, যেসব উপজেলায় কোনো স্কুল ও কলেজ সরকারি নেই,

■ পৃষ্ঠা ৭ : কলাম ১

# আরও ৬৪ কলেজ জাতীয়করণ

(৩য় পৃষ্ঠার পর)

সেখানেই এখন বেসরকারি কলেজ জাতীয়করণ করা হচ্ছে। কলেজের দ্বিতীয় দফার এ তালিকা প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১ সাজ্জাদুল হাসানের স্বাক্ষরে শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়।

নতুন জাতীয়করণ করা কলেজের মধ্যে রয়েছে— ঢাকার কেরানীগঞ্জ উপজেলার ইস্পাহানী ডিগ্রি কলেজ, দোহারের পদ্মা কলেজ। নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার মুড়াপাড়া কলেজ। মুন্সীগঞ্জের বিক্রমপুর টঙ্গিবাড়ী ডিগ্রি কলেজ ও লৌহজং বিশ্ববিদ্যালয় কলেজ। গাজীপুরের কালীগঞ্জ শ্রমিক কলেজ। নরসিংদীর মনোহরদী ডিগ্রি কলেজ ও পলাশ শিল্পাঞ্চল কলেজ। রাজবাড়ীর কালুখালী কলেজ। শরীয়তপুরের ডামুড্যার পূর্ব মাদারীপুর কলেজ। ময়মনসিংহের ফুলপুর ডিগ্রি কলেজ, তারাকান্দার বঙ্গবন্ধু ডিগ্রি কলেজ ও নান্দাইলের শহীদ স্মৃতি আদর্শ কলেজ।

কিশোরগঞ্জের অষ্টগ্রামের রোটারি ডিগ্রি কলেজ, কটিয়াদি কলেজ, কুলিয়াচর ডিগ্রি কলেজ, নিকলীর মুক্তিযোদ্ধা আদর্শ কলেজ ও মিঠামইনের মুক্তিযোদ্ধা আবদুল হক কলেজ। জামালপুরের ইসলামপুর কলেজ। শেরপুরের নকলার হাজী জাল মামুদ কলেজ, নালিতাবাড়ীর নাজমুল স্মৃতি মহাবিদ্যালয়। টাঙ্গাইলের ঘাটাইলের জিবিজি কলেজ, মির্জাপুর কলেজ, মধুপুর কলেজ ও ধনবাড়ী কলেজ।

চট্টগ্রামের আনোয়ারা কলেজ। কুমিল্লার মুরাদনগরের শ্রীকাইল কলেজ, নাঙ্গলকোট হাছান মেমোরিয়াল ডিগ্রি কলেজ, সদর দক্ষিণের লালমাই কলেজ। ব্রাহ্মণবাড়ীয়ার আশুগঞ্জের ফিরোজ মিয়া কলেজ, কসবার আদর্শ মহাবিদ্যালয়। চাঁদপুরের হাজীগঞ্জ মডেল কলেজ। সিলেটের বালাগঞ্জ ডিগ্রি কলেজ। হবিগঞ্জের বাহুবল আলিম সোবহান চৌধুরী কলেজ ও নবীগঞ্জ কলেজ। রাজশাহীর গোদাগাড়ী কলেজ। চাঁপাইনবাবগঞ্জের নাচোল ডিগ্রি কলেজ। নওগাঁর নিয়ামতপুর কলেজ। পাবনার আটঘরিয়া মাহবিদ্যালয়। বগুড়ার শেরপুর কলেজ। জয়পুরহাটের কালাই মহিলা ডিগ্রি কলেজ। রংপুরে বদরগঞ্জ ডিগ্রি কলেজ।

নীলফামারীর সৈয়দপুর কলেজ, কিশোরগঞ্জ ডিগ্রি কলেজ। কুড়িগ্রামের রৌমারী ডিগ্রি কলেজ। লালমনিরহাটের আদিতমারী ডিগ্রি কলেজ ও কালীগঞ্জ উপজেলার করিম উদ্দিন পাবলিক কলেজ। পঞ্চগড়ের তেতুলিয়া ডিগ্রি কলেজ। দিনাজপুর হাকিমপুর ডিগ্রি কলেজ, বিরল ডিগ্রি কলেজ। খুলনার পাইকগাছা কলেজ ও বটিয়াঘাটা (ডিগ্রি) মহাবিদ্যালয়। যশোরের কেশবপুর কলেজ, মনিরামপুর ডিগ্রি কলেজ, বাঘারপাড়া ডিগ্রি মহাবিদ্যালয়। বাগেরহাটের মোরেলগঞ্জের সিরাজউদ্দীন মেমোরিয়াল কলেজ, শরণখোলা ডিগ্রি কলেজ। মাগুরার শালিখার বিহারীলাল শিকদার মহাবিদ্যালয়, শ্রীপুর ডিগ্রি কলেজ। কুষ্টিয়ার কুমারখালী কলেজ।

বরিশালের হিজলা ডিগ্রি কলেজ, পাতারহাট আরসি কলেজ ও মুলাদী কলেজ। পটুয়াখালীর কলাপাড়া উপজেলার মোজাহার উদ্দিন বিশ্বাস ডিগ্রি কলেজ। এর আগে জুলাইয়ের প্রথম দিকে পৃথকভাবে দুই ধাপে ১৯৯ কলেজ ও ৭৯টি স্কুল জাতীয়করণের আদেশ জারি হয়।